

আলিম পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ দুটিই বেড়েছে

নিজস্ব প্রতিবেদক •

মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম পরীক্ষায় এ বছর পাসের হার ৯১ দশমিক ৭৭ শতাংশ। এ বোর্ডের অধীনে এবার মোট ৮৪ হাজার ২৪৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ৭৭ হাজার ৩১৬ জন। জিপিএ-৫ পেয়েছেন সাত হাজার ৭৩ জন। গতকাল বুধবার এ ফল প্রকাশিত হয়।

গত বছর আলিম পরীক্ষায় পাসের হার ছিল ৮৯ দশমিক ৫৭ শতাংশ। জিপিএ-৫ পেয়েছিলেন চার হাজার ২৭৬ জন। অর্থাৎ এবার আলিম পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা দুটিই বেড়েছে।

ফলাফল পর্যালোচনায় দেখা যায়, এবার মাদ্রাসা বোর্ডে পাসের ক্ষেত্রে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে। ৩৫ হাজার ৫২৬ জন মেয়ে পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ৩২ হাজার ৬৪৮ জন; পাসের হার ৯১ দশমিক ৯০ শতাংশ। ছেলে পরীক্ষার্থী ছিল ৪৮ হাজার ৭২০ জন, পাস করেছেন ৪৪ হাজার ৬৬৮ জন। পাসের হার ৯১ দশমিক ৬৮ শতাংশ।

মাদ্রাসা বোর্ডে সাধারণ শাখায় ৭৯ হাজার ৬৯ জন পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছেন ৭২ হাজার ৬০২ জন। বিজ্ঞান শাখায় পরীক্ষার্থী চার হাজার ৮৭০ জন, পাস করেছেন চার ৪৩৩ জন। মুজাম্মিদ শাখায় ৩০৭ জনের মধ্যে পাস করেছেন ২৮১ জন।

সেরা ২০: মাদ্রাসা বোর্ডে সেরা ২০ শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকায় শীর্ষে রয়েছে ঢাকার যাত্রাবাড়ীর তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা। এই প্রতিষ্ঠানের ৪৭১ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ৪৬৮ জন। জিপিএ-৫ পেয়েছেন ২২৮ জন। দ্বিতীয় স্থানে থাকা কালকাঠি এনএস কামিল মাদ্রাসার ১৪১ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছেন; জিপিএ-৫ পেয়েছেন ৯৫ জন। তৃতীয় হয়েছে তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসার গাজীপুরের টঙ্গী শাখা। এর ৪২৮ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ৪২৫ জন, জিপিএ-৫ পেয়েছেন ২০৭ জন।

সেরা ২০ তালিকার অপর শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হলো: ঢাকার ডেমুরার দারুলনাজাত সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা (২৮৩ জনের মধ্যে পাস করেছেন ২৮১ জন, জিপিএ-৫ পেয়েছেন ১৬৯ জন), রংপুরের ধাপ সাতগড়া বায়তুল মোকাররম কামিল মাদ্রাসা, ডেমুরার তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা (মহিলা শাখা), চট্টগ্রামের জামেয়া আহম্মদিয়া সুন্নিয়া কামিল মাদ্রাসা, বুলনার দারুল কোরান সিদ্দিকীয়া কামিল মাদ্রাসা, পিরোজপুরের ছরছিনা দারুলসুন্নাহ কামিল মাদ্রাসা, লক্ষীপুরের টুংচর সিনিয়র ফাজিল মাদ্রাসা, সুনামগঞ্জের আলহেদা জামেয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, ঢাকার কাদিরিয়া তাইয়েবিয়া কামিল মাদ্রাসা, কুমিল্লার খারাতাইয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ফেনীর আল জামিয়াতুল ফালেহিয়া কামিল মাদ্রাসা, নরসিংদীর জামেয়া-ই-কাছেমিয়া কামিল মাদ্রাসা, কুমিল্লার বিজয়া নাজিরিয়া ফাজিল মাদ্রাসা, পাবনা ইসলামিয়া আলিম মাদ্রাসা, চট্টগ্রামের যজিদিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, চট্টগ্রামের বাইতুস সফর আদর্শ কামিল মাদ্রাসা এবং নরসিংদীর জামেয়া কাসেমিয়া কামিল মাদ্রাসা (মহিলা শাখা)।